


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd



নং-৪৬.০৪২.০১৪.৪৫.০২.০৪৫.২০১৪. ২৫৯৭

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয়: সড়ক ও জনপথ বিক্রিত গাছ বুঝে পাওয়ার জন্য দাখিলকৃত আবেদন সংক্রান্ত।

সূত্র: যশোর জেলা পরিষদের স্মারক নং-জেপয়/প্রকৌ/সওজ/প-১.১/২০১১(অংশ-৩)-৪৭, তারিখ: ২৫/৪/২০১৭।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা পরিষদের মালিকানাধীন সড়ক ও জনপদ অধিদপ্তর কর্তৃক উন্নয়নকৃত রাস্তা ও রাস্তার পার্শ্বের গাছের মালিকানা নিয়ে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে জনাব মোঃ এনামুল কবির যশোর জেলা পরিষদে আবেদন দাখিল করেন। তিনি ২০০২-২০০৩ এবং ২০০৩-২০০৪ অর্থ বছরে সড়ক ও জনপথ বিভাগের নিকট হতে বিভিন্ন সড়কে নিলামের মাধ্যমে গাছ ক্রয় করেন। কিন্তু গাছ কাটার সময় জেলা পরিষদ বাধা দেয়। এ বিষয়ে হাইকোর্টে মামলা দায়ের করা হলে মামলায় তার পক্ষে রায় হয়। উক্ত রায়ের প্রেক্ষিতে জনাব মোঃ এনামুল কবির বিভিন্ন সড়কের গাছ দাবী করছেন। এ বিষয়ে নির্দেশনা দেয়ার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, যশোর অনুরোধ জানিয়েছেন (কপি সংযুক্ত)।

২। এমতাবস্থায়, যশোর জেলা পরিষদ হতে প্রাপ্ত পত্রটির বিষয়ে আগামী ২০ (বিশ) কার্য দিবসের মধ্যে সুস্পষ্ট মতামতসহ একটি স্বয়ংসম্পূর্ণ প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

Email:lgzp@lgd.gov.bd

বিভাগীয় কমিশনার
খুলনা বিভাগ, খুলনা।

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, যশোর।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, যশোর।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।